ইনকিলাব

তারিখ 03 JUL 2007
পৃষ্ঠা ৩ কলাম ৪

৩৮

# স্কুল শিক্ষকদের জন্য ব্রিটিশ কাউন্সিলের ফ্রি ইংরেজী শিক্ষা কোর্স

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ব্রিটিশ কাউন্সিলের উদ্যোগে স্কুল শিক্ষকদের জন্য ইংরেজী ভাষার ফ্রি প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। এ কোর্স দ্বারা বাংলা মাধ্যমের স্কুল শিক্ষকদের ইংরেজী উচ্চারণ, গ্রামার, লিখন পদ্ধতি, ক্লাশ ম্যানেজমেন্ট এবং শ্রেণীকক্ষে পাঠদান পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হবে। গতকাল (সোমবার) সকালে ফুলার রোডের ব্রিটিশ কাউন্সিল অডিটোরিয়ামে কোর্সের উদ্বোধন করেন কাউন্সিলের এডুকেশন প্রমোশন এন্ড মার্কেটিং ম্যানেজার রাইকা রিপা ওয়ালী খান। এসময় ইনফরমেশন সার্ভিসেস ইউনিটের প্রধান সারওয়াত মাহমুদা রেজা এবং এডুকেশন ইনফরমেশন ম্যানেজার শাকিলা আজিম উপস্থিত ছিলেন। সারাদেশের বিভিন্ন স্কুল থেকে ৪০ জন শিক্ষক এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। ব্রিটিশ কাউন্সিল কর্তৃপক্ষ জানায়, পর্যায়ক্রমে এ ধরনের আরো ৩টি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হবে।